মুরগি ছিনতাইয়ের অভিযোগে ছাত্রদল নেতা বহিষ্কার



শাকিল মিয়া। ছবি : সংগৃহীত

দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলা এলাকায় শাকিল মিয়া নামের এক ছাত্রদল নেতাকে সাংগঠনিক পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। তিনি স্থানীয় একটি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রদল শাখার সভাপতির দায়িত্বে ছিলেন।

রোববার (১৫ মার্চ) রাতে জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক জিল্লুর রহমানের স্বাক্ষর করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে হাজীপুর হাই স্কুল অ্যান্ড কলেজ শাখা ছাত্রদলের সভাপতি মো. শাকিল ফাহান মিয়াকে বহিষ্কার করা হয়েছে।

জেলা ছাত্রদলের সভাপতি শাহ রাজিব আহমেদ রিংগন বলেন, দলীয় নীতিবিরোধী কর্মকাণ্ডে সম্পৃক্ততার প্রাথমিক সত্যতা মিলেছে। এজন্য সাংগঠনিক পদ থেকে তাকে অব্যাহতি দেওয়া হয়।


বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল
হবিগঞ্জ জেলা

অভিযোগের সূত্রে জানা যায়, গত বৃহস্পতিবার (১২ মার্চ) রাতে গাজীপুর ইউনিয়ন-এর উছমানপুর এলাকায় প্রাণ-আরএফএল গ্রুপ-এর সহযোগী প্রতিষ্ঠান হবিগঞ্জ এগ্রো লিমিটেড-এর একটি মুরগিবাহী ট্রাক আটকে ছিনতাই করা হয়।

লিখিত অভিযোগে বলা হয়েছে, শাকিল মিয়ার নেতৃত্বে ১৫–২০ জন যুবক গাড়ির পথরোধ করে জোরপূর্বক প্রায় ১৬০টি মুরগি নিয়ে যায়। এ সময় চালক ও সহকারীর কাছ থেকে দুটি মানিব্যাগ এবং একটি মোবাইল ফোনও ছিনিয়ে নেওয়ার অভিযোগ রয়েছে।

ঘটনার খবর পেয়ে প্রতিষ্ঠানের সুপারভাইজার আশফাক ঘটনাস্থলে গেলে তার মোটরসাইকেলের চাবিও নিয়ে নেওয়া হয় বলে অভিযোগে উল্লেখ করা হয়। পরে স্থানীয়দের মধ্যস্থতায় চাবি ও একটি মোবাইল ফোন ফেরত দেওয়া হয়।

এ বিষয়ে বক্তব্য জানতে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও শাকিল মিয়া ফোন ধরেননি।

চুনারুঘাট থানা-র ভারপ্রাপ্ত কর্মকর্তা শফিকুল ইসলাম জানান, একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে এবং বিষয়টি তদন্তাধীন।